**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**খাদ্য মন্ত্রণালয়**
**বাংলাদেশ সচিবালয়, ঢাকা।**

নং- ১৩.০০.০০০০.০৫৩.২০.০২২.১৬-২৯৪ তারিখ: ১০/০৫/২০১৬

**বিষয়ঃ খাদ্য মন্ত্রণালয়ের ২০১৬-১৭ অর্থ বছরের অনুন্নয়ন ও উন্নয়ন বাজেটের প্রাক্কলন ও ২০১৭-১৯ পর্যন্ত প্রক্ষেপণ অনুমোদনের লক্ষ্যে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | এ. এম. বদরুদ্দোজা<br>সচিব,<br>খাদ্য মন্ত্রণালয়। |
| সভার স্থান | : | সচিব মহোদয়ের অফিস কক্ষ। |
| তারিখ ও সময় | : | ০৮/০৫/২০১৬ তারিখ, সকাল-১১.১৫ টা। |
| আলোচ্য বিষয় | : | খাদ্য মন্ত্রণালয়ের ২০১৬-১৭ অর্থ বছরের বাজেট প্রাক্কলণ এবং ২০১৭-১৮ ও ২০১৮-১৯ অর্থ বছরের প্রক্ষেপণ অনুমোদন। |
| সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা | : | 'পরিশিষ্ট-ক'। |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। তিনি জানান যে, খাদ্য মন্ত্রণালয়ের ২০১৬-১৭ অর্থ বছরের বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ অনুমোদনের লক্ষ্যে আজ বাজেট ব্যবস্থাপনা কমিটির (BMC) সভা আহবান করা হয়েছে। যুগ্ম-সচিব (বাজেট ও অডিট) জানান যে, অর্থ বিভাগ থেকে প্রাপ্ত চুড়ান্ত সিলিং গত ২৬/০৪/২০১৬ তারিখে অনুষ্ঠিত বাজেট ওয়ার্কিং গ্রুপের সভায় মন্ত্রণালয়, নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ ও অধিদপ্তরের অনুন্নয়ন ও উন্নয়ন খাতে বিভাজন করে দেয়া হয়েছে। উক্ত বিভাজনের ভিত্তিতে পরিচালনা ইউনিট/অর্থনৈতিক কোডে মন্ত্রণালয়, নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ ও অধিদপ্তরের ২০১৬-১৭ অর্থ বছরের বিস্তারিত আয় ও ব্যয়ের প্রাক্কলন ও পরবর্তী ২০১৭-১৯ অর্থ বছর পর্যন্ত প্রক্ষেপণের খসড়া প্রণয়ন করা হয়েছে যা আজকের BMC সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়েছে।

০২। অত:পর উপ-সচিব (বাজেট ও হিসাব) সভাপতির অনুমতিক্রমে সভার আলোচ্য বিষয় উপস্থাপন করেন। তিনি জানান যে, অর্থ বিভাগ থেকে ২০১৬-১৭ অর্থ বছরের জন্য খাদ্য মন্ত্রণালয়ের মোট কর ব্যতিত প্রাপ্তির সিলিং ২৩ কোটি ২৫ লক্ষ টাকা এবং মোট ব্যয়ের সিলিং ১২১৬৫ কোটি ৫৩ লক্ষ টাকা দেয়া হয়েছে। ব্যয়ের সিলিং এর মধ্যে অনুন্নয়ন খাতে ১১৭২৫ কোটি ৬১ লক্ষ টাকা এবং উন্নয়ন খাতে ৪৩৯ কোটি ৯২ লক্ষ টাকা সিলিং দেয়া হয়েছে। অত:পর উপ-সচিব (বাজেট ও হিসাব) নিম্নোক্তভাবে খাদ্য মন্ত্রণালয়ের ২০১৬-১৭ অর্থ বছরের প্রাপ্তির প্রাক্কলন ও প্রক্ষেপণ সভায় উপস্থাপন করেন:

<u>সারণী - ১</u>

প্রাপ্তি: (হাজার টাকায়)

| কোড নং | দপ্তর/সংস্থা | প্রাক্কলন | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|
| | | ২০১৬-১৭ | ২০১৭-১৮ | ২০১৮-১৯ |
| | ১ | ২ | ৩ | ৪ |
| | রাজস্ব আয়ের প্রাথমিক লক্ষ্যমাত্রা | ২৩২৫০০ | ২৬০৪০০ | ২৯১৬০০ |
| ৪৮০১ | সচিবালয় | ৪১০৮৫ | ৪৬০১৫ | ৫১৫৩৭ |
| ৪৮৩১ | খাদ্য অধিদপ্তর | ১৯১৪১৫ | ২১৪৩৮৫ | ২৪০০৬৩ |
| | মোট | ২৩২৫০০ | ২৬০৪০০ | ২৯১৬০০ |

সভায় উপস্থাপিত প্রাপ্তির প্রাক্কলন সর্বসম্মতিক্রমে চূড়ান্ত করা হয়।



(চলমান পাতা-২)

০৩। এরপর আলোচ্য অর্থ বছরের ব্যয়ের প্রাক্কলণ সভায় উপস্থাপন করা হয়। অর্থ বিভাগ প্রদত্ত পরিপত্রের নির্দেশনা অনুসরণ করে ব্যয়সীমার মধ্যে মন্ত্রণালয়ের আলোচ্য অর্থ বছরের বাজেট প্রাক্কলণ ও প্রক্ষেপণ প্রস্তুত করা হয়েছে মর্মে উপ-সচিব জানান। তিনি উল্লেখ করেন যে, বরাদ্দ ১১৭২৫ কোটি ৬১ লক্ষ টাকা হতে সচিবালয়ের প্রাতিষ্ঠানিক খাতে ২০২ কোটি ৭৫ লক্ষ ৫১ হাজার টাকা, নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের প্রাতিষ্ঠানিক খাতে ১০ কোটি ৫০ লক্ষ টাকা, খাদ্য অধিদফতরের প্রাতিষ্ঠানিক খাতে ৪৪৪ কোটি টাকা এবং খাদ্য বাজেটে ৮৯১৫ কোটি টাকা বিভাজন করা হয়েছে।

০৪। খাতভিত্তিক ব্যয়ের প্রাক্কলন বিস্তারিত আলোচনাকালে সভাপতি উল্লেখ করেন যে, সভাপতি মাঠ পর্যায়ের অফিসমূহ পরিদর্শনে গিয়ে তিনি উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়ে কোন কম্পিউটার দেখতে পাননি। অধিদফতরের প্রতিনিধি জানান যে, উপজেলা পর্যায়ের অফিসে কোন কম্পিউটার দেয়া হয়নি। সভাপতি সকল উপজেলা পর্যায়ে জরুরী ভিত্তিতে কম্পিউটার ক্রয়ের জন্য বাজেটে সংস্থান রাখার নির্দেশ দেন। সভাপতির জিজ্ঞাসার জবাবে সিএও, খাদ্য জানান যে, কম্পিউটার ক্রয়ের ক্ষেত্রে কোন জটিলতা নেই। কারন হিসেবে তিনি জানান যে, কম্পিউটার TO & E ভুক্ত করার কোন প্রয়োজন নেই। অর্থ বছরের শুরুতে Procurement Plan এর অন্তর্ভুক্ত করে কম্পিউটার ক্রয় করা যাবে। সভায় বিষয়টি আলোচনার পর খাদ্য অধিদফতরের উপজেলা পর্যায়ের প্রত্যেক অফিসে প্রিন্টারসহ ১ টি করে কম্পিউটার সরবরাহের জন্য ৫ কোটি টাকা অধিদফতরের প্রাতিষ্ঠানিক খাতে সংস্থান রাখার সিদ্ধান্ত হয়। এই বরাদ্দ অর্থ বিভাগ প্রদত্ত ব্যয়সীমার মধ্যে থাকাতে কোন সমস্যা হবেনা বলে অর্থ বিভাগের প্রতিনিধি জানান। এখানে CAO খাদ্য উল্লেখ করেন যে, Annual Procurement Plan এর অন্তর্ভুক্ত করে কম্পিউটারসহ সকল ক্রয় সম্পন্ন করা প্রয়োজন। উপ-সচিব (বাজেট ও হিসাব) জানান যে, প্রতি অর্থ বছরের শুরুতে বাৎসরিক ক্রয় পরিকল্পনা (Annual Procurement Plan) প্রস্তুত করার জন্য অর্থ মন্ত্রণালয়ের নির্দেশনা রয়েছে। সভাপতি এ বিষয়ে কার্যক্রম গ্রহনের জন্য সকলকে নির্দেশ দেন।

০৫। অতপর: সভায় উপস্থাপিত ব্যয়ের প্রাক্কলন আলোচনা মোতাবেক সংশোধন করে নিম্নোক্তভাবে চুড়ান্ত করা হয়:-

<u>সারণী -২</u>

**অনুন্নয়ন ব্যয় :**

(হাজার টাকায়)

| অর্থনৈতিক কোড নং | দপ্তর/সংস্থা | প্রাক্কলন | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|
| | | ২০১৬-১৭ | ২০১৭-১৮ | ২০১৮-১৯ |
| | ১ | ২ | ৩ | ৪ |
| ৪৮০১ | সচিবালয় | ২০২৭৫৫১ | ২৪১৫৫২০ | ২৮৮২৮৯২ |
| ৪৮০৬ | আন্তর্জাতিক সংস্থার চাঁদা | ৩০০ | ৩০০ | ৩০০ |
| ৫৮০১ | ভর্তুকি | ২১৫৩৩৮৬৬ | ২৫১৩৮৭৪০ | ৩৩৭৮০৬০৪ |
| ৪৮০৫ | নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ | ১০৫০০০ | ১০৬৬৬০ | ১১৯২৪০ |
| ৪৮৩১ | খাদ্য অধিদপ্তর | ৭৮৮৭৮৩ | ৮০৯৮০৭ | ৮৬৬৫১৯ |
| ৪৮৩১ | ঢাকা রেশনিং | ৪৭৮৪২ | ৫০৪১০ | ৫৩০৮৯ |
| ৪৮৩১ | সাইলোসমূহ | ৩৪৪৪৭০ | ৩৬১১৫৫ | ৩৭৮০২৭ |
| ৪৮৩৩ | আঞ্চলিক কার্যালয়সমূহ | ৬৭০৫৫ | ৭১০৩৮ | ৭৫৩৩২ |
| ৪৮৩৫ | জেলা কার্যালয়সমূহ | ৮১৫৮৯২ | ৮৫৮৫৭২ | ৯০৪৩৬৪ |
| ৪৮৩৭ | উপজেলা কার্যালয়সমূহ | ২১৪৪৮৩২ | ২২৫৬৮৭৭ | ২৩৭৪৫৭১ |
| ৪৮৩৯ | সরকারি আটাকল | ৪৯৮৪০ | ৫৩০২৮ | ৫৬৩৩৪ |
| ৪৮৪১ | নিয়ন্ত্রক, চলাচল ও সংরক্ষণ | ২৩০৬৬৯ | ২৪২৯৯৩ | ২৫৬০২৮ |
| ৪৮২১ | খাদ্য সংগ্রহ কার্যক্রম | ৮০০৩০০০০ | ৮৫৪৫০০০০ | ৮৫৪৫০০০০ |
| ৪৮২৫ | অন্যান্য খাদ্য ব্যবস্থাপনা কার্যক্রম | ৯০৭০০০০ | ১০০০৫৮০০ | ১০০০৫৮০০ |
| | সর্বমোট অনুন্নয়ন | ১১৭২৫৬১০০ | ১২৭৮২০৯০০ | ১৩৭২০৩১০০ |



(চলামান পাতা-৩)

C:\Documents and Settings\Administrator\My Documents\Sajeda10 3 16\E drive\New Folder\Shazeda Akther\Budget Meeting\Budget 15-16\Minits 15-16.doc

০৬। অত:পর উপ-সচিব (বাজেট ও হিসাব) নিম্নোক্তভাবে উন্নয়ন বাজেটের প্রকল্প ভিত্তিক প্রাক্কলন সভায় উপস্থাপন করেন:

সারণী - ৩

**উন্নয়ন ব্যয় :**

(হাজার টাকায়)

| প্রকল্প | প্রাক্কলণ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|
| | ২০১৬-১৭ | ২০১৭-১৮ | ২০১৮-১৯ |
| ১ | ২ | ৩ | ৪ |
| অনুমোদিত প্রকল্পসমূহ:<br>কনস্ট্রাকশন অব কংক্রিট গ্রেইন সাইলো এ্যাক্ট মংলা পোর্ট | | | |
| সান্তাহার, বগুড়াতে ২৫,০০০ মে.টন ধারণক্ষমতা সম্পন্ন ওয়্যার হাউজ নির্মাণ প্রকল্প | ২৫০০০০ | | |
| সমগ্র দেশে ১.০৫ লক্ষমে.টন ধারনক্ষমতা সম্পন্ন নতুন খাদ্য গুদাম নির্মান প্রকল্প (জুলাই/২০১৩ - জুন/২০১৬) | ১৭৮৪২০০ | ১৫২৭৩৩৩ | |
| আধুনিক খাদ্য সংরক্ষণাগার নির্মাণ প্রকল্প | ২২০০০০০ | ৩৫০৯০০০ | ৫০১০০০০ |
| অনুমোদিত প্রকল্পসমূহ (কারিগরি)<br>Institutionalization of Food Safety in Bangladesh for Safer Food | ১১০০০০ | ৬৪৯২৫ | |
| মোট অনুমোদিত প্রকল্পসমূহ | ৪৩৪৪২০০ | ৫১০১২৫৮ | ৫০১০০০০ |
| অননুমোদিত/সম্ভাব্য প্রকল্পের জন্য বরাদ্দ | ৫০০০০ | ৮৯৮৭৪২ | ৪৯৯০০০০ |
| সর্বমোট উন্নয়ন ব্যয় | ৪৩৯৪২০০ | ৬০০০০০০ | ১০০০০০০০ |

সভায় উন্নয়ন খাতে অর্থ বিভাগ প্রদত্ত সিলিং অপেক্ষা (৪৩৯.৯২ – ৪৩৯.৪২) ৫০ লক্ষ টাকা কম প্রাক্কলণের বিষয়ে জানতে চাইলে উপ-প্রধান জানান ২০১৬-১৭ অর্থ বছরের এডিপিতে ইআরডি কর্তৃক প্রকল্প সাহায্য বাবদ বরাদ্দ চূড়ান্ত করা হয়েছে। এর ক্ষেত্রে খাদ্য মন্ত্রণালয়ের উন্নয়ন প্রকল্পের জন্য পিএ হিসেবে সিলিং হতে ৫০ লক্ষ টাকা কম প্রাক্কলণ করা হয়েছে।

০৭। সভায় সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:-

০৭.১। সভায় সারণী-১, সারণী-২ ও সারণী-৩ এ উপস্থাপিত খাদ্য মন্ত্রণালয়ের ২০১৬-১৭ অর্থ বছরের প্রাপ্তি ও ব্যয়ের প্রাক্কলন ও ২০১৭-১৯ অর্থ বছর পর্যন্ত প্রক্ষেপণ অনুমোদন করা হলো।

০৭.২। অর্থ বছরের শুরুতে সংশ্লিষ্ট সকল অধিশাখা/শাখা, অধিদফতর/কর্তৃপক্ষ স্ব স্ব Annual Procurement Plan প্রস্তুত করে সকল ক্রয় সম্পন্ন করবে।

০৮। পরিশেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

স্বাক্ষরিত
১০/০৫/২০১৬
(এ. এম. বদরুদ্দোজা)
সচিব
ও
সভাপতি
বাজেট ব্যবস্থাপনা কমিটি,
খাদ্য মন্ত্রণালয়